মেহেরপুরে সাংবাদিক পোলেনের বাড়িতে দূর্বৃত্তের হামলা

বাংলাদেশ প্রতিদিন’র মেহেরপুর প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিন’র সাবেক সম্পাদক মাহবুবুল হক পোলেনের বাড়িতে হামলা চালিয়েছে মুখোশধারী দূর্বৃত্তরা।

গতকাল শুক্রবার রাত সোয়া ১০টার দিকে শহরের কাসারী পাড়ার নিজ বাসভবনের গেটে এ হামলা চালায়।

এলাকাবাসী জানায়, ঘটনার সময় মুখোশধারী তিনজন দূর্বৃত্ত লোহার রড দিয়ে সাংবাদিক পোলেনর বাড়ির গেটে এলোপাতাড়ি হামলা চালায়। এলাকাবাসী চিৎকার শুরু করলে তারা পালিয়ে যায়। হামলার সময় সাংবাদিক পোলেন বাড়িতে ছিলেন না। পরে মেহেরপুর সদর থানার একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেন।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছিল। তারা আলামত সংগ্রহ করেছে। হামলাকারীদের সনাক্তের চেষ্টা চলছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুরে লাটাহাম্বারের ধাক্কায় গৃহবধূর মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল নামক স্থানে গরুবোঝাই লাটা হাম্বারের (অবৈধ্য ইঞ্জিন চালিত) ধাক্কায় মুক্তি খাতুন নামের এক মহিলার মর্মান্তিক মৃত্যু হয়েছে। শুক্রবার সন্ধ্যার দিকে এ ঘটনা ঘটে।

নিহত মুক্তি খাতুন মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের ফারুক হোসেনের স্ত্রী।

জানা গেছে মুক্তি খাতুন সহ তার কয়েকজন সঙ্গী নিয়ে চাঁদবিলে

রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল এ সময় মেহেরপুর থেকে গরু বোঝাই একটি লাটা হাম্বার রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা মুক্তি খাতুনকে ধাক্কা দিলে তিনি মাটিতে লুটিয়ে পড়েন এবং ঘটনাস্থলেই তিনি মৃত্যুবরণ করেন।

খবর পেয়ে মেহেরপুর সদর থানার পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে মেহেরপুর হাসপাতালে নিয়ে আসে। স্থানীয় ও পুলিশের সহযোগিতায় লাটা হাম্বার ও চালককে আটক করা হয়।

মেহেরপুরে বিয়ের দাবিতে ১ সন্তানের জননীর অবস্থান

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামে প্রেমিক সবুজের বাড়িতে বিয়ে দাবি নিয়ে অবস্থান করছে ১ সন্তানের জননী।

শুক্রবার সন্ধার দিকে সন্তান সাথে নিয়ে হাজির হন প্রেমিকা।

স্থানীয় সুত্রে জানা যায়, আমদহ গ্রামের আইনুল হোসেনের ছেলে মোঃ সবুজ হোসেনের সাথে মোবাইল ফোনের মাধ্যমে পরিচয় হয় ঐ নারীর।

পরে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। দেড় বছরের প্রেমের সম্পর্ককে বিয়ের রুপ দিতে ছুটে আসে প্রেমিকা। এ ঘটনায় এলাকায় ব্যাপক মুখরোচক গল্পে পরিনত হয়ে।

তবে ঐ নারীর দাবি পূর্বের বৈবাহিক সম্পর্ক ছিন্ন করে স্ব- ইচ্ছায় সবুজের সাথে ঘর বাঁধার সপ্নে তার বাড়িতে এসেছে। ঐ নারীর দেড় বছরের একটি পুত্র সন্তান আছে।

এই প্রতিবেদন লেখা প্রর্যন্ত মেয়ে প্রেমিকের বাড়িতে অবস্থান করছিল।

মেপ্র/আরপি

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগীদের মাঝে চেক বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে এসএফএনটিসির অধীন কোটচাঁদপুর আউটার সিগনাল হইতে বড়বামনদাহ শেষ সীমানা জামতলা পর্যন্ত ৭.৫০ সিডলিং কি.মি. সামাজিক বনায়ন। এই বনায়নে সম্পৃক্ত ১’শ ৮৬ জন উপকারভোগী সদস্যদের মাঝে বাগানের গাছ বিক্রয়ের লভ্যাংশের চেক বিতরণ করা হয়েছে।

শুক্রবার বিকালে পৌর শহরের বড়বামনদাহ সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে লভ্যাংশের এই চেক বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়।
বন উন্নয়ন কমিটির সভাপতি মো: ইলিয়াস হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা বনবিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা আতিয়ার রহমান, পৌর কাউন্সিলর মো: সোহেল আল-মামুন, ব্যাংক কর্মকর্তা রকিব উদ্দীন (অবঃ), ব্যাংক কর্মকর্তা আব্দুর রাজ্জাক (অবঃ), সাবেক পৌর কাউন্সিলর আব্দুস সামাদ, সমিতির অন্যতম সদস্য ব্যবসায়ী আব্দুল হামিদ প্রমুখ।

অনুষ্ঠানে বাগানের গাছ বিক্রয়লদ্ধ অর্থের ৫৫% শেয়ার বাগানের সহিত সম্পৃক্ত ১’শ ৮৬ জন উপকারভোগী প্রতি সদস্যকে ৩ হাজার ৯’শ ১৩ টাকার চেক প্রদান করা হয়।

মেপ্র/আরপি

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায়

নিহত-১

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় মধুবালা (২৫) নামের এক গৃহপরিচারিকা নিহত হয়েছেন।

আজ শুক্রবার চুয়াডাঙ্গা–কুষ্টিয়া সড়কের নওদাপাড়া এলাকায় ট্রাকের সাথে মোটরসাইকেলের সামনাসামনি সংঘর্ষে তিনি ঘটনাস্থলে প্রাণ হারান।

গুরুতর আহত অবস্থায় মোটরসাইকেল চালক শিক্ষক হাবিবুর রহমানকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানায়, আলমডাঙ্গা উপজেলার জগন্নাথপুর গ্রামের মৃত আরজেত আলীর মেয়ে মধুবালা (২৫) আলমডাঙ্গা শহরের আক্তার জোয়ার্দ্দারের বাড়িতে গৃহপরিচারিকার কাজ করতেন।

বেলা ১১টার দিকে তিনি গৃহকর্তার শ্যালক হাবিবুর রহমানের মোটরসাইকেলযোগে বাড়িতে ছেলের খাবার দিয়ে ফেরার পথে। এ সময় প্রাণঘাতী দুর্ঘটনা ঘটে। গুরুতর আহত মোটরসাইকেলচালক হাবিবুর রহমান আলমডাঙ্গা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক।

তার বাড়ি মিরপুর উপজেলার শাখদারচর গ্রামে।

মেপ্র/আরপি

চুয়াডাঙ্গায় ডগ স্কয়াডে বিজিবি’র অভিযান

চুয়াডাঙ্গার মুন্সিপুরে বিজিবি ডগ স্কয়াড দিয়ে চোরাচালান বিরোধী অভিযান অব্যহত রেখেছে।

শুক্রবার সকাল ৮:৩০ মিনিট থেকে সন্ধা ৬:০০ পর্যন্ত এই চোরাচালান বিরোধী অভিযান চালায় বিজিবি ডগ স্কয়াড।

তবে কাউকে আটক বা অবৈধ কোন কিছি উদ্ধার করতে পারিনি।

মুন্সিপুর বিজিবি ক্যাম্প কমান্ডারের নেতৃত্বে নায়েক শাহ আলম সঙ্গীয়ো ফোর্স নিয়ে কার্পাসডাঙ্গা কবর স্থান মোড়ে এই চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেন।

তাদের এই চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা দেখে চোরাচালান কারীদের ভিতরে কিছুটা আতংঙ্ক বিরাজ করলেও বিকল্প পথ অবলম্বন করছে তারা।

ঝিনাইদহে কলাক্ষেতে মিলল মাদ্রাসাছাত্রীর লাশ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার দাদপুর গ্রামের একটি কলাক্ষেত থেকে কেয়া খাতুন (১৫) নামে এক মাদ্রাসাছাত্রীর অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার সকাল সাড়ে ১০ টার দিকে লাশটি উদ্ধার করা হয়।

নিহত কেয়া খাতুন উপজেলার ত্রিলোচনপুর গ্রামের সামাউল হক সামাদের মেয়ে।

এ বছর বালিয়াডাঙ্গা দাখিল মাদ্রাসা থেকে জেডিসি পাশ করেছিলেন কেয়া।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে দাদপুর গ্রামে ক্ষেতে কাজ করতে গেলে প্রচন্ড গন্ধ পায় কৃষকেরা। তারা খোঁজ শুরু করলে ক্ষেতের একপাশে মাথার লম্বা চুল ও জুতা দেখতে পান। বিষয়টি পুলিশকে জানায় তারা।

খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পৌঁছে মাটি খুঁড়ে কিশোরী কেয়া খাতুনের অর্ধগলিত লাশ উদ্ধার করে।

নিহতের বাবা সামাউল হক সামাদ বলেন, ‘গত ২৬ ফেব্রুয়ারি

ত্রিলোচনপুর বাড়ি থেকে রাত সাড়ে ৮ টার দিকে তার মেয়ে নিখোঁজ হয়। এরপর ১ মার্চে থানায় একটি জিডি করি। আজ সকালে খবর পেয়ে দাদপুর গ্রামের মাঠে গিয়ে মেয়ের লাশ দেখতে পাই। মেয়ের মাথার ব্যান্ড ও জুতা দেখে লাশ শনাক্ত করি।’

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার বলেন, ‘পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়ে। কি কারণে ও কিভাবে কেয়াকে খুন করে ক্ষেতে ফেলে রাখা হয়েছে জানাতে তদন্ত চলছে।’

পুলিশ ও স্থানীয়া জানান, ‘প্রায় ৪ মাস আগে উপজেলার নরেন্দ্রপুর গ্রামের মনছুর মালিথার ছেলে সাবজেল হোসেনের সঙ্গে বিয়ে হয় কেয়ার। বিয়ের পর থেকে সে নিজ বাড়িতেই ছিল। গত ২৬ ফেব্রুয়ারি রাত ৮ টার দিকে বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় কেয়া। ’

আব্দুল মান্নান মাস্টার এর স্ত্রীর ইন্তেকাল

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মরহুম আব্দুল মান্নান মাস্টার এর স্ত্রী এবং যাদুখালী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মুস্তাফিজুর রহমান টিপু ও মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজানুর রহমান নান্নুর মাতা রোকেয়া খাতুন (৭২)আজ সকাল সাড়ে ছয়টার সময় ঢাকাতে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন।

ইন্না নিল্লা……

মরহুমার দাফন কাজ রাত আটটার পর তাদের গ্রামের বাড়ি গোপালপুরে অনুষ্ঠিত হবে বলে জানা গেছে।

[redacted]

[redacted]